

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.১৮.৬৯০.১৮.৮৯১

তারিখ: ১৫/১১/২০২০ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরধীন জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব মোঃ জাহিদ হোসেন এর বিরুদ্ধে ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের মোট বিক্রিত ১০১৩টি সিডিউল বিক্রির মোট ১৫,১৯,৫০০/- (পনের লক্ষ উনিশ হাজার পাঁচশত) টাকার মধ্যে তিনি সরকারী কোষাগারে মাত্র ৫,১৯,০০০/- (পাঁচ লক্ষ উনিশ হাজার) টাকা জমা করে অবশিষ্ট ১০,০০,৫০০/- (দশ লক্ষ পাঁচশত) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান না করে আত্মসাত করেন মর্মে অত্র অধিদপ্তরের পরিচালক(ভিডিজি) এর গত ০৪.১১.২০২০ তারিখের ৫১.০১.০০০০.০১৮.০৬.০০৪.১৯.২৩৪ নং তদন্ত প্রতিবেদন দৃষ্টে জানা যায়। জনাব মোঃ জাহিদ হোসেন এর উল্লিখিত আচরণ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ধারায় অসদাচরণ ও ৩(ঘ) ধারায় দুর্নীতি পরায়ণতার পর্যায়ভুক্ত অপরাধ।

সেহেতু, সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-১২ অনুযায়ী জনাব মোঃ জাহিদ হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর-কে সরকারি চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

- ১। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।
- ২। তাঁকে অত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সংযুক্ত করা হলো।
- ৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো। ইহা ১৫.১০.২০২০ খ্রি. হতে কার্যকর হবে।
- ৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৫.১১.২০২০
(লুৎফুন নাহার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-৯৮৬১৩৬০

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.১৮.৬৯০.১৮.৮৯১

তারিখ: ১৫/১১/২০২০ খ্রি.

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ
- ০৩। পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, জামালপুর।
- ০৫। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৬। প্রতিমন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ০৮। প্রোগ্রামার (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর
- ১০। জেলা ত্রাণ পুনর্বাসন কর্মকর্তা, জামালপুর
- ১১। উপজেলা একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ১২। জনাব মোঃ জাহিদ হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর।
- ১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১৫.১১.২০২০
(লুৎফুন নাহার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)